

159147 - মৃতব্যক্তির পেছনে "তোমাদের ভাইয়ের জন্য ক্ষমা চাও" বলে চেঁচামেচি করার হুকুম

প্রশ্ন

মৃতব্যক্তির খাট বহন করার সময় কেউ কেউ বলে "তোমাদের ভাইয়ের জন্য ক্ষমা চাও" এভাবে বলা কি শরিয়ত সমর্থিত?

প্রিয় উত্তর

মৃতব্যক্তির জন্য দোয়া করা ও ক্ষমাপ্রার্থনা করা ইবাদত। জানাযার খাট বহন করা ও খাট নিয়ে হাঁটার সময় মৃতব্যক্তির জন্য মনে মনে ক্ষমাপ্রার্থনা করতে কোন আপত্তি নাই। কিন্তু «استغفروا لأخيكم» (তোমাদের ভাইয়ের জন্য ক্ষমাপ্রার্থনা কর) বলে এভাবে মানুষকে ডাকাডাকি করাকে একদল আলেম মাকরুহ বলেছেন এবং তারা এটাকে বিদাত হিসেবে গণ্য করেছেন।

ইবনে আবি শায়বা তাঁর মুসান্নাফ গ্রন্থের একটি শিরোনাম দেন এভাবে: "যে ব্যক্তি মৃতের খাটের পেছনে গমন করে বলে "استغفروا لأخيكم» (তোমাদের ভাইয়ের জন্য ক্ষমাপ্রার্থনা কর) তার ব্যাপারে তাঁরা যা বলেছেন":

ইব্রাহিম থেকে বর্ণিত আছে তিনি বলেন: «استغفروا لأخيكم» (তোমাদের ভাইয়ের জন্য ক্ষমাপ্রার্থনা কর) বলে বলে মৃতব্যক্তির পেছনে গমন করাকে তিনি অপছন্দ করতেন।"

বুকাইর বিন আতীক থেকে বর্ণিত আছে তিনি বলেন: "আমি এক জানাযাতে ছিলাম; যেখানে সাঈদ বিন জুবাইর ছিলেন। তখন এক ব্যক্তি বলল: তোমরা তার জন্য ক্ষমাপ্রার্থনা কর; আল্লাহ্‌তোমাদেরকে ক্ষমা করুন। তখন সাঈদ বললেন: আল্লাহ্‌তোমাকে ক্ষমা না করুন।"

আতা থেকে বর্ণিত: "তোমরা তার জন্য ক্ষমাপ্রার্থনা কর; আল্লাহ্‌তোমাদেরকে ক্ষমা করুন।" বলাটা অপছন্দ করতেন।

ইমাম হাইতামীর রচিত "তুহফাতুল মুহতাজ" গ্রন্থে (৩/১৮৮) এসেছে: "জানাযার সাথে হাঁটার সময় 'লাগাত' করা মাকরুহ। লাগাত হচ্ছে- কর্ণস্বর উঁচু করা। এমনকি সেটা যদি যিকির ও কুরআন তেলাওয়াতের মাধ্যমে হয় তবুও। কেননা সাহাবায়ে কেলাম সে সময় তা করাটা অপছন্দ করতেন। [বাইহাকী বর্ণনা করেছেন] হাসান ও অন্যান্য আলেম "তোমরা তোমাদের ভাইয়ের জন্য জন্য ক্ষমাপ্রার্থনা কর" বলাকে অপছন্দ করতেন। এমন কথা যে বলেছিল তাকে লক্ষ্য করে ইবনে উমর (রাঃ) বলেছেন: "আল্লাহ্‌তোমাকে ক্ষমা না করুন।" বরং চুপ করে মৃত্যু, মৃত্যু সংশ্লিষ্ট বিষয় ও দুনিয়ার ধ্বংস হওয়া নিয়ে চিন্তা করবে। গোপনে যিকির করবে; প্রকাশ্যে নয়। প্রকাশ্যে যিকির করা নিন্দিত বিদাত"।[সমাণ্ড]

শাইখ আলবানীর রচিত "আহকামুল জানায়িয" গ্রন্থে (১/২৫০) এসেছে: "মৃতব্যক্তির খাটের পেছনে "তার জন্য ক্ষমাপ্রার্থনা কর; আল্লাহ্‌তোমাদেরকে ক্ষমা করুন" বা এ জাতীয় অন্য কথা বলে চিৎকার করা বিদাতের অন্তর্ভুক্ত।"

ইসলাম জিজ্ঞাসা ও জবাব

এটি প্রতিষ্ঠা ও পরিচালনা করেছেন:
শাইখ মুহাম্মাদ সালিম আল-মুনাজ্জিদ

আল্লাহই সর্বত্ত্ব।